


কারিগরি শাখার ৭৯ জন শিক্ষকের ফাইল গায়েব!

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে কারিগরি শাখার ৮টি বিদ্যালয়ের ৭৮ শিক্ষক ও ১টি মাদ্রাসার ১ জন শিক্ষকসহ মোট ৭৯ জন শিক্ষকের এমপিও স্থানান্তরিতকরণ সংক্রান্ত ফাইল গায়েব হয়ে যায়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ১৯ এপ্রিল, ২০১৭ তারিখে কারিগরি বিদ্যালয়ের ৭৯ জন শিক্ষকের এমপিও কারিগরি শিক্ষা অধিদপ্তরে স্থানান্তরিতকরণের লক্ষ্যে মাউশির ডিজির স্বাক্ষরিত একটি ফাইল (স্মারক নম্বর ওএম-৬৩ - ম/২০১৪/৩৪৫৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরাবর প্রেরণ করা হয়। জানা যায়, ফাইলটি ২৩ এপ্রিল - মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষার রিসিপশনে পৌঁছায় যার লকেট/ এন্ট্রি নম্বর ১২৮৬/২৩.০৪.১৭, সেখান থেকে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পৌঁছায় ২৫ এপ্রিল যার লকেট/ এন্ট্রি নম্বর ১৩৩২/২৫.০৪.১৭। তারপর ফাইলটি কোথায় গেছে তার কোনো হদিশ নেই। সচিবের কার্যালয় থেকে বলা হচ্ছে, রিসিপশনে পাঠানো হয়েছে কারিগরি শাখায় প্রেরণের জন্য। সচিবের কাছ থেকে রিসিপশনে আসার কোনো তথ্য নেই। রিসিপশন থেকে একবার বলা হচ্ছে কারিগরি শাখায় হাতে হাতে প্রেরণ করা হয়েছে আবার বলা হচ্ছে সচিবের কাছ থেকেই ফাইলটি আসেনি।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শাখায় তন্ন তন্ন করে খুঁজেও উল্লিখিত স্মারক নম্বরের কোনো ফাইল পাওয়া যায়নি। তাহলে ফাইল গেল কোথায়? প্রশ্ন হলো, ৭৯ জন শিক্ষকের তথ্য সম্বলিত এমপিওসংক্রান্ত একটি বড় ফাইল কীভাবে হারিয়ে যায়? এটা শিক্ষা মন্ত্রণালয়ের অবহেলা নাকি উদাসীনতা! এখন এর সমাধান কী?

জামাল হোসেন
ভালুকা, ময়মনসিংহ

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিদপ্তর বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/স্বাক্ষরার্থে	
	স্বাক্ষর